

রাকসুর নতুন প্রধান নির্বাচন কমিশনার অধ্যাপক নজরুল ইসলাম

রাবি প্রতিনিধি



অধ্যাপক এফ নজরুল ইসলাম

রাজশাহী বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্রসংসদ (রাকসু) নির্বাচন

২০২৫-এর প্রধান নির্বাচন কমিশনার হিসেবে পদার্থবিজ্ঞান

বিভাগের অধ্যাপক এফ নজরুল ইসলামকে নিয়োগ দেওয়া

হয়েছে। আজ শনিবার (২৩ আগস্ট) রাতে এক জরুরি বৈঠকে

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক সালেহ হাসান নকীব এ নিয়োগ

প্রদান করেন।

জনসংযোগ দণ্ডের প্রশাসক অধ্যাপক আখতার হোসেন মজুমদার

স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, অধ্যাপক এফ নজরুল ইসলাম পূর্ব থেকেই

অন্যতম নির্বাচন কমিশনার হিসেবে দায়িত্ব পালন করছিলেন।

প্রধান নির্বাচন কমিশনার হিসেবে তার নিয়োগের কারণে শূন্য

নির্বাচন কমিশনার পদে লোকপ্রশাসন বিভাগের অধ্যাপক

পারভেজ আজহারুল হককে নিয়োগ দেওয়া হয়েছে। আজ

উপাচার্য প্রফেসর সালেহ হাসান নকীব এসব নিয়োগ প্রদান

করেন।

এদিকে, আগামীকাল রবিবার থেকে মনোনয়নপত্র বিতরণের কথা

রয়েছে। তবে চলমান পোষ্য কোটা পুনর্বাল আন্দোলনের অংশ

হিসেবে কাল থেকে তিন দিনের ধর্মঘটের ডাক দিয়েছেন শিক্ষক-

কর্মকর্তারা।

এমতাবস্থায় মনোনয়নপত্র বিতরণ সম্ভব কি-না জানতে চাইলে

অধ্যাপক এফ নজরুল ইসলাম বলেন, আজকে তাদের সাথে

উপাচার্য স্যার কথা বলেছেন। কাল দুপুর পর্যন্ত ধর্মঘট চলবে

এমনটি জানতে পেরেছি। সে হিসেবে দুপুরের পর থেকে

মনোনয়নপত্র বিতরণ কার্যক্রম চলতে পারে। বাকিটা পরিস্থিতির

ওপর নির্ভর করছে।

প্রফেসর মো. আমজাদ হোসেন পাবলিক সার্ভিস কমিশনের

সম্মানিত সদস্য হিসেবে নিয়োগ পাওয়ায় প্রধান নির্বাচন কমিশনার

পদটি শূন্য হয়।

